সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৯/০১/২০২৬

**বাংলাদেশ জাতীয় জাদুঘর জাদুঘরে**
**শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান -এর ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে**
**আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল ২০২৬**

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের স্বাধীনতা ও রাষ্ট্রগঠনের ইতিহাসে এক অনন্য ব্যক্তিত্ব। তিনি ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি বগুড়ার বাগবাড়িতে জন্মগ্রহণ করেন। বাংলাদেশ জাতীয় জাদুঘর জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান-এর ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন করে। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তিনি সম্মুখসমরে নেতৃত্ব প্রদান করেন এবং কালুরঘাট বেতার কেন্দ্র থেকে স্বাধীনতার ঘোষণা পাঠের মাধ্যমে জাতিকে ঐক্যবদ্ধ ও অনুপ্রাণিত করেন। স্বাধীনতার পর রাষ্ট্রনায়ক হিসেবে তিনি বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তন, প্রশাসনিক শৃঙ্খলা পুনর্গঠন, কৃষি ও শিল্প খাতে সংস্কার এবং স্বনির্ভর বাংলাদেশের ভিত্তি রচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক **জনাব তানজিম ওয়াহাব** এবং আলোচক হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব **জনাব মোঃ সাদেকুল ইসলাম**। এছাড়াও বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। আলোচনায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বর্ণাঢ্য জীবন, স্বাধীনতা যুদ্ধে তাঁর অসামান্য অবদান, রাষ্ট্র গঠনে তাঁর ভূমিকা এবং দেশপ্রেমিক নেতৃত্বের বিভিন্ন দিক তুলে ধরা হয়। আলোচনা শেষে তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও বিশেষ মোনাজাত করা হয়।

উল্লিখিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রচার/প্রকাশ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**(আসমা ফেরদৌসি)**
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক
---------------------
ঢাকা